পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (POPI) বাংলাদেশের একটি শীর্ষস্থানীয় জাতীয় বেসরকারি উন্নয়ন সংস্থা। সংস্থাটি দারিদ্র্য, ক্ষুধা ও অবিচারমুক্ত একটি টেকসই জাতি গঠনে নিবেদিত—যেখানে সকল মানুষ মর্যাদার সাথে বসবাস করবে এবং উন্নতির জন্য সমান সুযোগ পাবে। POPI সরকারি সংস্থা এবং আন্তর্জাতিক, জাতীয় ও আঞ্চলিক পর্যায়ের ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠানসহ (MFI) ৩০টিরও বেশি বিভিন্ন উন্নয়ন সহযোগীর সাথে নিবিড়ভাবে কাজ করে। বাংলাদেশের ৩৬টি জেলায় কার্যক্রম পরিচালনাকারী POPI বিভিন্ন আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়ন করে থাকে।

পদের নাম: উপজেলা এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট অফিসার (Upazila Enterprise Development Officer)

পদের সংখ্যা: ১১ টি

কর্মস্থল	**চট্টগ্রাম** : রাউজান, রাঙ্গুনিয়া, হাটহাজারী ও ফটিকছড়ি উপজেলা । **পিরোজপুর** : মঠবাড়িয়া উপজেলা । **বরগুনা** : পাথরঘাটা উপজেলা । **কুষ্টিয়া** :কুমারখালি, কুষ্টিয়া সদর, মিরপুর ও দৌলতপুর উপজেলা । **মেহেরপুর** : গাংনি উপজেলা ।
চাকরির ধরন	অস্থায়ী (চুক্তিভিত্তিক)
বেতন	অনুমোদিত বাজেট/বেতন কাঠামো অনুযায়ী/আলোচনা সাপেক্ষ
অন্যান্য সুযোগ-সুবিধা	সংস্থার প্রচলিত নীতিমালা অনুযায়ী

কাজের সারসংক্ষেপ:

উপজেলা এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট অফিসার EARN প্রকল্পের গ্র্যাজুয়েটদের জন্য স্ব-কর্মসংস্থানের সুযোগ তৈরিতে কাজ করবেন। তিনি তরুণদের নেতৃত্বে ক্ষুদ্র ও ছোট আকারের উদ্যোগ (micro and small enterprises) প্রতিষ্ঠা ও প্রসারে সহায়তা প্রদান করবেন। উদ্যোগের প্রয়োজনীয়তা নিরূপণ (needs assessment), ব্যবসায়িক উন্নয়ন পরিষেবা প্রদান, মেন্টরশিপ ও ইনকিউবেশন কর্মসূচির আয়োজন করা এবং টেকসই ফলাফল নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত কোচিং ও ফলো-আপ প্রদান করা। উপজেলা পর্যায়ে একটি শক্তিশালী উদ্যোগ সহায়তা ইকোসিস্টেম গড়ে তোলার জন্য প্রশিক্ষণ কেন্দ্র, বেসরকারি খাত, স্থানীয় প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট অংশীজনদের সাথে নিবিড়ভাবে কাজ করবেন।

মূল দায়িত্বসমূহ:

- উদ্যোক্তা সহায়তা খাতে অন্তত ৩ (তিন) বছরের কাজের অভিজ্ঞতা; বিশেষ করে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মসূচি বা টিভিইটি (TVET) খাতে কাজের অভিজ্ঞতা।
- প্রকল্পের আওতাভুক্ত এলাকায় উদ্যোগের (enterprise) প্রতিষ্ঠা প্রয়োজনীয়তা নিরূপণ (enterprise need assessment) করা; উদ্যোগের কর্মক্ষমতা উন্নয়ন বা উন্নতকরণে উচ্চমানের সহায়তা প্রদান; ব্যবসায়িক পরিকল্পনা প্রণয়ন; স্থানীয় পর্যায়ে ব্যবসায়িক সংযুক্তিভিত্তিক প্রশিক্ষণের (business attachment training) ব্যবস্থা করা; এবং ব্যবসায় টিকে থাকতে উদ্যোক্তাদের নিয়মিত ফলো-আপ সহায়তা প্রদান করা।
- ইনকিউবেশন পর্যায়ে উদ্যোক্তাদের সহায়তার জন্য মেন্টরশিপ কর্মসূচিতে দক্ষতা থাকা। এর আওতায় সংশ্লিষ্ট উদ্যোক্তা, ট্রেড বিশেষজ্ঞ, বাজার বিশেষজ্ঞ, সরকারি দপ্তরের সাবেক কর্মকর্তা, শিল্প খাতের প্রতিনিধি এবং এনজিও বা সিএসও (CSO) প্রতিনিধিদের সম্পৃক্ত করা যেতে পারে।
- উদ্যোক্তা সম্মেলন, কর্মশালা ও উপজেলা পর্যায়ের সভার আয়োজন করা এবং সফল উদ্যোগগুলোকে সবার সামনে তুলে ধরা।
- তরুণদের ব্যবসা সৃষ্টি, উন্নয়ন, ব্যবস্থাপনা এবং ব্যবসার প্রসারে প্রয়োজনীয় দক্ষতা ও আচরণগত সক্ষমতা।

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা বিশ্ববিদ্যালয় ডিগ্রি; বিবিএ (বিজনেস ম্যানেজমেন্টে মেজর/ডেভেলপমেন্ট স্টাডিজ বা সংশ্লিষ্ট কোনো বিষয়ে ডিগ্রিধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ভোকেশনাল স্কুল এন্ড কলেজ থেকে পাস করা গ্র্যাজুয়েট এবং জন্য উদ্যোগ উন্নয়নমূলক কর্মকাণ্ডে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

আবেদন প্রক্রিয়া:

উপরে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন আগ্রহী প্রার্থীদের জীবনবৃত্তান্ত (CV) ও কভার লেটারসহ নিম্নোক্ত ঠিকানায় আবেদনপত্র পাঠানোর অনুরোধ করা হচ্ছে: হিউম্যান রিসোর্স অ্যান্ড ট্রেনিং ডিপার্টমেন্ট, পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (POPI), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭।

অথবা ইমেইল করুন: hr@popibd.org

ইমেইলের সাবজেক্ট লাইনে অথবা খামের ওপর অবশ্যই পদের নাম **(Upazila Enterprise Development Officer)** উল্লেখ করতে হবে। যেকোনো ধরনের তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরই লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকারের জন্য ডাকা হবে।

আবেদনের শেষ তারিখ: **২৮** নভেম্বর ২০২৬

"নারী ও শিশু নির্যাতন এবং ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দণ্ডনীয় অপরাধ"

নিয়োগ বিজ্ঞপ্তি

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (**POPI**) বাংলাদেশের একটি জাতীয় পর্যায়ের বেসরকারি উন্নয়ন সংস্থা। দারিদ্র্য, ক্ষুধা ও বৈষম্যমুক্ত একটি সহনশীল সমাজ প্রতিষ্ঠা, মানুষের মর্যাদা নিশ্চিতকরণ এবং সবার জন্য সমান সুযোগ সৃষ্টির লক্ষ্যে **POPI** কাজ করে যাচ্ছে। সরকারি প্রতিষ্ঠান এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ৩০টিরও বেশি উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে **POPI** দেশের ৩৬টি জেলায় বিভিন্ন আর্থসামাজিক উন্নয়নমূলক প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়ন করছে।
POPI-এর বাস্তবায়নাধীন **Economic Acceleration and Resilience for NEET (EARN) Project**-এর আওতায় নিম্নবর্ণিত পদে অভিজ্ঞ ও যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের বিবরণ

পদের নাম	উপজেলা ব্যবস্থাপক (**Upazila Manager**)
পদসংখ্যা	**১১** (এগার)টি
কর্মস্থল	**চট্টগ্রাম** : রাউজান, রাঙ্গুনিয়া, হাটহাজারী ও ফটিকছড়ি উপজেলা । **পিরোজপুর** : মঠবাড়িয়া উপজেলা । **বরগুনা** : আমতলী উপজেলা । **কুষ্টিয়া** :কুমারখালি, কুষ্টিয়া সদর, মিরপুর ও দৌলতপুর উপজেলা । **মেহেরপুর** : গাংনি উপজেলা ।
চাকরির ধরন	অস্থায়ী (চুক্তিভিত্তিক)
বেতন	অনুমোদিত বাজেট/বেতন কাঠামো অনুযায়ী/আলোচনা সাপেক্ষ
অন্যান্য সুযোগ-সুবিধা	সংস্থার প্রচলিত নীতিমালা অনুযায়ী

পদের সারসংক্ষেপ (Job Summary)
উপজেলা ব্যবস্থাপক সংশ্লিষ্ট উপজেলায় **EARN Project**-এর সামগ্রিক কার্যক্রম পরিকল্পনা, বাস্তবায়ন, সমন্বয় ও তদারকির দায়িত্ব পালন করবেন। এ পদের মূল দায়িত্বের মধ্যে থাকবে **NEET (Not in Education, Employment or Training)** যুবদের চিহ্নিতকরণ ও প্রকল্পে অন্তর্ভুক্তকরণ, কারিগরি ও বৃত্তিমূলক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা, **Village Level Training Centre (VLTC)**-এর ব্যবস্থাপনা ও তদারকি এবং প্রশিক্ষণ-পরবর্তী কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে সহায়তা করা।
এছাড়া উপজেলা পর্যায়ে যুব উন্নয়ন অধিদপ্তর (**DYD**), উপজেলা প্রশাসন, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, কমিউনিটি গ্রুপ (**CG**), অন্যান্য সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এবং প্রকল্পের সংশ্লিষ্ট অংশীদারদের সঙ্গে কার্যকর সমন্বয় নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট উপজেলার সকল প্রশিক্ষণ কেন্দ্রের প্রশাসনিক, কারিগরি ও ব্যবস্থাপনাগত কার্যক্রম তদারকির পাশাপাশি প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জন, মানসম্মত বাস্তবায়ন এবং জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।

প্রধান দায়িত্ব ও কর্তব্য (Key Responsibilities)

১. সংশ্লিষ্ট উপজেলায় **EARN Project**-এর কার্যক্রম পরিকল্পনা, বাস্তবায়ন, সমন্বয় ও তদারকি করা এবং প্রকল্পের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করা।
২. যুব উন্নয়ন অধিদপ্তর (**DYD**), উপজেলা প্রশাসন, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, উপজেলা সমন্বয় কমিটি (**UCC**), কমিউনিটি গ্রুপ (**CG**) এবং অন্যান্য সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে কার্যকর কর্মসম্পর্ক ও সমন্বয় বজায় রাখা।
৩. **NEET** যুবদের চিহ্নিতকরণ, উপকারভোগী নির্বাচন এবং প্রকল্পের নির্ধারিত যোগ্যতা ও অন্তর্ভুক্তিমূলক নীতিমালা অনুসরণ করে প্রকল্পের সেবা নিশ্চিত করতে সহায়তা করা।
৪. স্থানীয় শ্রমবাজার ও কর্মসংস্থানের চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা এবং প্র শিক্ষণের মান নিশ্চিত করা।
৫. কমিউনিটি পর্যায়ে **Village Level Training Centre (VLTC)** প্রতিষ্ঠা, পরিচালনা ও তদারকি করা এবং প্রশিক্ষণ কেন্দ্রের সার্বিক ব্যবস্থাপনা নিশ্চিত করা।
৬. প্রশিক্ষণ কার্যক্রমে যুবদের, বিশেষ করে নারী ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিত করতে কমিউনিটি, স্থানীয় সরকার ও নাগরিক সমাজের প্রতিনিধিদের সম্পৃক্ত করা।
৭. প্রশিক্ষণ-পরবর্তী সময়ে উপকারভোগীদের চাকরি, ইন্টার্নশিপ, শিক্ষানবিশ কার্যক্রম ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও নিয়োগকর্তাদের সঙ্গে যোগাযোগ ও সমন্বয় করা।
৮. প্রকল্পের অগ্রগতি ও লক্ষ্যমাত্রা অর্জন পর্যবেক্ষণের জন্য কার্যকর মনিটরিং ব্যবস্থা নিশ্চিত করা এবং প্রকল্পের নির্ধারিত **MIS** অনলাইন পোর্টালে নিয়মিত, নির্ভুল ও সময়মতো তথ্য অন্তর্ভুক্ত করা।
৯. প্রকল্পের আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করা এবং সম্পদের সর্বোত্তম ব্যবহার ও **Value for Money** নিশ্চিত করা।
১০. উপজেলা পর্যায়ে বিভিন্ন সভা, কর্মশালা, সেমিনার, প্রশিক্ষণ ও সচেতনতামূলক কার্যক্রম আয়োজন করা এবং উপজেলা সমন্বয়কারীসহ (**Upazila Coordinator**) সংশ্লিষ্টদের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে প্রয়োজনীয় নথিপত্র ও কার্যবিবরণী সংরক্ষণ করা।
১১. স্থানীয় ও জাতীয় পর্যায়ের উন্নয়ন সংস্থা, কমিউনিটি নেতৃত্ব, কমিউনিটিভিত্তিক সংগঠন এবং অন্যান্য অংশীজনের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখা এবং প্রকল্প পরিদর্শনে আগত দাতা সংস্থা ও সংশ্লিষ্ট প্রতিনিধিদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা।
১২. প্রকল্পের সকল কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা, অন্তর্ভুক্তি, নিরাপত্তা ও সুরক্ষামূলক নীতিমালা অনুসরণ নিশ্চিত করা।

শিক্ষাগত যোগ্যতা
সমাজবিজ্ঞান, সমাজকর্ম, নৃবিজ্ঞান, উন্নয়ন অধ্যয়ন অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক/সমমানের ডিগ্রি থাকতে হবে।

অভিজ্ঞতা ও অন্যান্য যোগ্যতা

- যুব উন্নয়ন ক্ষেত্রে ৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা ।
- দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কর্মসূচি/কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ (**TVET**) খাতে সুনির্দিষ্ট অভিজ্ঞতা ।
- কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রতিষ্ঠান বা কমিউনিটিভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনা ও ব্যবস্থাপনায় বাস্তব অভিজ্ঞতা।
- সরকারি কর্মকর্তা, স্থানীয় সরকার প্রতিনিধি, উন্নয়ন সহযোগী এবং কমিউনিটির বিভিন্ন অংশীজনের সঙ্গে কার্যকর যোগাযোগ ও সমন্বয়ের সক্ষমতা থাকতে হবে।
- প্রকল্প ব্যবস্থাপনা, মনিটরিং, প্রতিবেদন প্রস্তুত, তথ্য ব্যবস্থাপনা এবং অনলাইন **MIS** ব্যবহারে দক্ষতা থাকতে হবে।
- দল পরিচালনা, নেতৃত্ব প্রদান, সমস্যা সমাধান এবং সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা থাকতে হবে।
- বাংলা ও ইংরেজিতে যোগাযোগ, প্রতিবেদন প্রস্তুত এবং উপস্থাপনায় দক্ষতা থাকতে হবে।

আবেদনের নিয়মাবলি
আগ্রহী ও যোগ্য প্রার্থীদের হালনাগাদ জীবনবৃত্তান্ত (**CV**) এবং আবেদনপত্রসহ নিম্নলিখিত ঠিকানায় আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে:
মানবসম্পদ ও প্রশিক্ষণ বিভাগ (**Human Resource & Training Department**)
পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (**POPI**)
৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭।
অথবা ই-মেইল: hr@popibd.org
ই-মেইলের **Subject Line** অথবা খামের ওপর অবশ্যই **"Upazila Manager – EARN Project"** উল্লেখ করতে হবে।
কোনো ধরনের তদবির বা প্রভাব বিস্তারের চেষ্টা প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শুধুমাত্র প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। **POPI** কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যেকোনো আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

আবেদনের শেষ তারিখ: **২৫ নভেম্বর ২০২৬**

"নারী ও শিশু নির্যাতন এবং ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দণ্ডনীয় অপরাধ"

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (POPI) বাংলাদেশের একটি শীর্ষস্থানীয় জাতীয় বেসরকারি উন্নয়ন সংস্থা। সংস্থাটি দারিদ্র্য, ক্ষুধা ও অবিচারমুক্ত একটি টেকসই জাতি গঠনে নিবেদিত—যেখানে সকল মানুষ মর্যাদার সাথে বসবাস করবে এবং উন্নতির জন্য সমান সুযোগ পাবে। POPI সরকারি সংস্থা এবং আন্তর্জাতিক, জাতীয় ও আঞ্চলিক পর্যায়ের ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠানসহ (MFI) ৩০টিরও বেশি বিভিন্ন উন্নয়ন সহযোগীর সাথে নিবিড়ভাবে কাজ করে। বাংলাদেশের ৩৬টি জেলায় কার্যক্রম পরিচালনাকারী POPI বিভিন্ন আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়ন করে থাকে।

POPI-এর বাস্তবায়নাধীন **Economic Acceleration and Resilience for NEET (EARN) Project**-এর আওতায় নিম্নবর্ণিত পদে অভিজ্ঞ ও যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম: সেন্টার ইন-চার্জ (Center In Charge)
পদের সংখ্যা: ৩০ টি

কর্মস্থল	**চট্টগ্রাম** : রাউজান, রাঙ্গুনিয়া, হাটহাজারী ও ফটিকছড়ি উপজেলা । **পিরোজপুর** : মঠবাড়িয়া উপজেলা । **বরগুনা** : পাথরঘাটা উপজেলা । **কুষ্টিয়া** :কুমারখালি, কুষ্টিয়া সদর, মিরপুর ও দৌলতপুর উপজেলা । **মেহেরপুর** : গাংনি উপজেলা ।
চাকরির ধরন	অস্থায়ী (চুক্তিভিত্তিক)
বেতন	অনুমোদিত বাজেট/বেতন কাঠামো অনুযায়ী/আলোচনা সাপেক্ষ
অন্যান্য সুযোগ-সুবিধা	সংস্থার প্রচলিত নীতিমালা অনুযায়ী

কাজের সারসংক্ষেপ:
সেন্টার ইন-চার্জ, EARN প্রকল্পের আওতাধীন ভিলেজ লেভেল ট্রেনিং সেন্টার (VLTC)-এর সামগ্রিক ব্যবস্থাপনা, নিরাপত্তা, কার্যক্রম এবং ডেটা (data) সুরক্ষার জন্য দায়বদ্ধ থাকবেন এবং কেন্দ্রটির কার্যকর ও সুষ্ঠু পরিচালনা নিশ্চিত করবেন।

মূল দায়িত্বসমূহ:

- উন্নয়ন খাতে—যেমন শিক্ষা বা বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচিতে—অফিস ইন-চার্জ হিসেবে অন্তত ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- শিক্ষা বা প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনার অভিজ্ঞতা, বিশেষ করে গ্রামীণ বা উপজেলা পর্যায়ে, বাড়তি যোগ্যতা হিসেবে গণ্য হবে।
- নির্দিষ্ট উপজেলা বা গ্রামীণ এলাকার সমাজ, সংস্কৃতি এবং সেখানকার চ্যালেঞ্জগুলো সম্পর্কে ধারণা থাকা অত্যন্ত সুবিধাজনক।
- লাইন ম্যানেজারকে সভা আয়োজনে সহায়তা করা, কেন্দ্রের দৈনন্দিন কার্যক্রম তদারকি করা এবং প্রশিক্ষণ কেন্দ্রে প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ বা সংরক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের সহায়তা করার দক্ষতা থাকতে হবে।
- প্রশিক্ষণার্থী, কর্মী, স্থানীয় কর্তৃপক্ষ এবং কমিউনিটির সদস্যদের (প্রয়োজন সাপেক্ষে) সাথে কার্যকরভাবে যোগাযোগের জন্য বাংলা ভাষায় মৌখিক ও লিখিত যোগাযোগ দক্ষতা থাকতে হবে।
- প্রশিক্ষণ কেন্দ্রের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সম্পদ ব্যবস্থাপনার দক্ষতা থাকতে হবে।

শিক্ষাগত যোগ্যতা: যেকোনো বিষয়ে স্নাতক ডিগ্রি

আবেদনের নিয়মাবলি

আগ্রহী ও যোগ্য প্রার্থীদের হালনাগাদ জীবনবৃত্তান্ত (**CV**) এবং আবেদনপত্রসহ নিম্নলিখিত ঠিকানায় আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে:
মানবসম্পদ ও প্রশিক্ষণ বিভাগ (**Human Resource & Training Department**)
পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (**POPI**)
৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭।
অথবা ই-মেইল: hr@popibd.org

ই-মেইলের **Subject Line** অথবা খামের ওপর অবশ্যই পদের নাম **"Center In Charge – EARN Project"** উল্লেখ করতে হবে।
কোনো ধরনের তদবির বা প্রভাব বিস্তারের চেষ্টা প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শুধুমাত্র প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। **POPI** কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যেকোনো আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

আবেদনের শেষ তারিখ: **২৮** নভেম্বর ২০২৬

"নারী ও শিশু নির্যাতন এবং ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দণ্ডনীয় অপরাধ"

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (POPI)

পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (**POPI**) বাংলাদেশের একটি জাতীয় পর্যায়ের বেসরকারি উন্নয়ন সংস্থা। দারিদ্র্য, ক্ষুধা ও বৈষম্যমুক্ত একটি সহনশীল সমাজ প্রতিষ্ঠা, মানুষের মর্যাদা নিশ্চিতকরণ এবং সবার জন্য সমান সুযোগ সৃষ্টির লক্ষ্যে **POPI** কাজ করে যাচ্ছে। সরকারি প্রতিষ্ঠান এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের ৩০টিরও বেশি উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে **POPI** দেশের ৩৬টি জেলায় বিভিন্ন আর্থসামাজিক উন্নয়নমূলক প্রকল্প ও কর্মসূচি বাস্তবায়ন করছে।
POPI-এর বাস্তবায়নাধীন **Economic Acceleration and Resilience for NEET (EARN) Project**-এর আওতায় নিম্নবর্ণিত পদে অভিজ্ঞ ও যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের বিবরণ

পদের নাম	**উপজেলা জব প্লেসমেন্ট অফিসার (Upazila Job Placement Officer)**
পদসংখ্যা	**১১** (এগার)টি
কর্মস্থল	**চট্টগ্রাম** : রাউজান, রাঙ্গুনিয়া, হাটহাজারী ও ফটিকছড়ি উপজেলা । **পিরোজপুর** : মঠবাড়িয়া উপজেলা । **বরগুনা** : আমতলী উপজেলা । **কুষ্টিয়া** :কুমারখালি, কুষ্টিয়া সদর, মিরপুর ও দৌলতপুর উপজেলা । **মেহেরপুর** : গাংনি উপজেলা ।
চাকরির ধরন	অস্থায়ী (চুক্তিভিত্তিক)
বেতন	অনুমোদিত বাজেট/বেতন কাঠামো অনুযায়ী/আলোচনা সাপেক্ষ
অন্যান্য সুযোগ-সুবিধা	সংস্থার প্রচলিত নীতিমালা অনুযায়ী

পদের উদ্দেশ্য ও দায়িত্বের সারসংক্ষেপ
উপজেলা জব প্লেসমেন্ট অফিসার **EARN** প্রকল্পের আওতায় দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্নকারী যুবদের প্রশিক্ষণ-পরবর্তী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন। এ পদে নিয়োজিত ব্যক্তিকে স্থানীয় ও জাতীয় পর্যায়ের নিয়োগদাতা, শিল্পপ্রতিষ্ঠান, উদ্যোক্তা, খাতভিত্তিক বিশেষজ্ঞ এবং বেসরকারি খাতের সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে কার্যকর যোগাযোগ ও সম্পর্ক গড়ে তুলতে হবে।
এ ছাড়া প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের মজুরিভিত্তিক চাকরি, ইন্টার্নশিপ, শিক্ষানবিশি এবং আত্মকর্মসংস্থানের সুযোগ অনুসন্ধান ও সৃষ্টিতে সহায়তা করতে হবে। শ্রমবাজারের চাহিদা বিশ্লেষণ, ক্যারিয়ার গাইডেন্স, চাকরির আবেদন ও সাক্ষাৎকারের প্রস্তুতি এবং কর্মসংস্থানসংক্রান্ত বিভিন্ন উদ্যোগ বাস্তবায়ন এ পদের অন্যতম দায়িত্ব।

প্রধান দায়িত্ব ও কর্তব্য
১. **EARN** প্রকল্পের লক্ষ্য ও পরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ-পরবর্তী যুবদের মজুরিভিত্তিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে কার্যকর উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করা।
২. স্থানীয় ও জাতীয় পর্যায়ের নিয়োগদাতা, শিল্পপ্রতিষ্ঠান, উদ্যোক্তা, খাতভিত্তিক বিশেষজ্ঞ এবং বেসরকারি খাতের সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে কার্যকর যোগাযোগ ও সমন্বয় গড়ে তোলা।
৩. দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্নকারী যুবদের জন্য চাকরি, ইন্টার্নশিপ, শিক্ষানবিশি (**Apprenticeship**) এবং অন্যান্য কর্মসংস্থানের সুযোগ চিহ্নিত ও অনুসন্ধান করা এবং এসব সুযোগের সঙ্গে প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের সংযুক্ত করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।
৪. প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের চাকরি অনুসন্ধান, চাকরির আবেদন, জীবনবৃত্তান্ত (**CV**) প্রস্তুত, সাক্ষাৎকারের প্রস্তুতি এবং পেশাগত উন্নয়ন বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা ও সহায়তা প্রদান করা।
৫. স্থানীয় ও আঞ্চলিক শ্রমবাজারের চাহিদা, শিল্পপ্রতিষ্ঠানের কর্মী নিয়োগের প্রবণতা এবং উদীয়মান কর্মসংস্থান খাত সম্পর্কে তথ্য সংগ্রহ ও শ্রমবাজার জরিপ পরিচালনায় ভূমিকা রাখা।
৬. প্রচলিত ট্রেডভিত্তিক প্রশিক্ষণের বাইরেও স্থানীয় অর্থনৈতিক সম্ভাবনা, শিল্পের চাহিদা, দক্ষতার ঘাটতি এবং টেকসই কর্মসংস্থানের সুযোগ চিহ্নিত করতে শ্রমবাজার বিশ্লেষণ করা।
৭. জেলা ও জাতীয় পর্যায়ে উদ্যোক্তা সম্মেলন, জব ফেয়ার, চাকরি মেলা ও এক্সপো আয়োজন করা এবং এতে প্রতিষ্ঠিত শিল্পপ্রতিষ্ঠান, সম্ভাব্য নিয়োগদাতা, ক্রেতা ও সংশ্লিষ্ট অংশীজনদের সম্পৃক্ত করা।
৮. অর্থনৈতিক অঞ্চল (**EZ**), রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (**EPZ**), হাইটেক পার্ক (**HTP**), বিশেষায়িত প্রযুক্তি পার্ক (**STP**) এবং শিল্পাঞ্চল (**IZ**)-এর নিকটবর্তী শিল্প ও ব্যবসাপ্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ স্থাপন করে প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের ইন্টার্নশিপ ও কর্মসংস্থানের সুযোগ তৈরি করা।
৯. নিয়োগদাতা প্রতিষ্ঠান ও প্রশিক্ষণ সম্পন্নকারী যুবদের মধ্যে কার্যকর সংযোগ স্থাপন এবং কর্মসংস্থান প্রক্রিয়া সহজতর করা।
১০. কর্মসংস্থানসংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি, চাকরিপ্রাপ্ত যুবদের তথ্য, ইন্টার্নশিপ ও শিক্ষানবিশির তথ্যসহ প্রয়োজনীয় তথ্য ও প্রতিবেদন যথাযথভাবে সংরক্ষণ এবং অনুমোদিত **MIS** পোর্টালে অন্তর্ভুক্ত করা।

শিক্ষাগত যোগ্যতা
স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রি থাকতে হবে। ব্যবসায় প্রশাসন (**BBA**), বিশেষত ব্যবসা ব্যবস্থাপনা (**Business Management**), উন্নয়ন অধ্যয়ন (**Development Studies**) অথবা সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
অভিজ্ঞতা ও প্রয়োজনীয় দক্ষতা
১. যুবদের প্রশিক্ষণ-পরবর্তী মজুরিভিত্তিক কর্মসংস্থান কার্যক্রমে ন্যূনতম **৩** (**তিন**) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
২. নিয়োগদাতা, শিল্পপ্রতিষ্ঠান, খাতভিত্তিক বিশেষজ্ঞ এবং বেসরকারি খাতের বিভিন্ন অংশীজনের সঙ্গে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
৩. কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ সম্পন্নকারীদের চাকরি, ইন্টার্নশিপ, শিক্ষানবিশি ও কর্মসংস্থানের সুযোগ তৈরিতে কার্যকর সমন্বয় করার দক্ষতা থাকতে হবে।
৪. শ্রমবাজার জরিপ, বাজার বিশ্লেষণ এবং স্থানীয় অর্থনৈতিক সম্ভাবনা ও কর্মসংস্থানের সুযোগ চিহ্নিত করার অভিজ্ঞতা থাকতে হবে।
৫. চাকরি মেলা, উদ্যোক্তা সম্মেলন, কর্মসংস্থানবিষয়ক সভা ও অন্যান্য অংশীজনভিত্তিক অনুষ্ঠান আয়োজনের সক্ষমতা থাকতে হবে।
৬. যোগাযোগ, উপস্থাপনা, প্রতিবেদন প্রস্তুত, সমন্বয় ও দলগতভাবে কাজ করার দক্ষতা থাকতে হবে।

আবেদনের নিয়মাবলি
আগ্রহী ও যোগ্য প্রার্থীদের হালনাগাদ জীবনবৃত্তান্ত (**CV**) এবং আবেদনপত্রসহ নিম্নলিখিত ঠিকানায় আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে:
মানবসম্পদ ও প্রশিক্ষণ বিভাগ (**Human Resource & Training Department**)
পিপলস ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (**POPI**)
৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭।
অথবা ই-মেইল: hr@popibd.org
ই-মেইলের **Subject Line** অথবা খামের ওপর অবশ্যই **"Upazila Manager – EARN Project"** উল্লেখ করতে হবে।
কোনো ধরনের তদবির বা প্রভাব বিস্তারের চেষ্টা প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শুধুমাত্র প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা ও সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। **POPI** কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যেকোনো আবেদন গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

আবেদনের শেষ তারিখ: **২৭** নভেম্বর ২০২৬

"নারী ও শিশু নির্যাতন এবং ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দণ্ডনীয় অপরাধ"